CLAUDE GUIDE · NOV 2026

Claude দিয়ে পাঁচটা কাজ, সহজ থেকে advanced

নিচের প্রতিটা prompt কপি করে claude.ai বা Claude app এ paste করুন। [ব্র্যাকেটের] জায়গায় নিজের তথ্য বসিয়ে দিন। Free plan দিয়েই শুরু করা যায়, Bangladesh থেকেও।

আসল কৌশল: চারটা জিনিস বলে দিন

আমি কে | কী চাই | কী তথ্য দিচ্ছি | কেমন করে চাই

উত্তর পছন্দ না হলে নতুন chat খুলবেন না। ওই chat এই বলুন কী বদলাতে হবে।

1 পড়াশোনা

chapter এর PDF upload করে

আমি [HSC] দিচ্ছি। এই chapter থেকে exam এর মতো ২০টা MCQ বানাও। একটা একটা করে জিজ্ঞেস করো, আমি উত্তর দিলে বলো ঠিক না ভুল, আর ভুল হলে কেন ভুল বুঝিয়ে দাও।

এই chapter টা [ক্লাস নাইনের] একজন ছাত্রকে বোঝানোর মতো করে সহজ বাংলায় বলো, প্রতিটা কঠিন শব্দের পাশে মানে দাও।

নিজের লেখা উত্তরের ছবি দিয়ে

এটা আমার লেখা উত্তর, প্রশ্ন ছিল [প্রশ্ন]। পরীক্ষক হলে কত দিতে, কোথায় নম্বর কাটতে, আর কীভাবে লিখলে পুরো নম্বর পেতাম?

2 চাকরি

job circular আর নিজের CV একসাথে upload করে

এই job এর সাথে মিলিয়ে আমার CV ঠিক করো। কোন অংশ বাদ দেবো, কী যোগ করবো, আর নতুন CV টা দাও।

এখন তুমি এই company র interviewer. আমাকে একটা একটা করে প্রশ্ন করো, আমার প্রতিটা উত্তরে দশে নম্বর দাও আর বলো কী বললে আরো ভালো হতো।

এই job এর জন্য এক পাতার একটা cover letter লেখো, আমার CV থেকে সবচেয়ে মিলে যাওয়া দুইটা কাজের কথা বলে।

3 ব্যবসা

বিক্রির Excel file upload করে

কোন মাসে কোন product কম চলেছে, chart সহ একটা নতুন Excel বানাও। শেষে তিন লাইনে বলো পরের মাসে কী করা উচিত।

আমি [মিরপুরে একটা কাপড়ের page] চালাই। [শীতের hoodie তে ২০% ছাড়] এর Facebook post লিখে দাও। আমার customer [কলেজ পড়ুয়া]। বাংলায়, ছোট করে, তিনটা আলাদা version।

customer এর message এর screenshot দিয়ে
এই customer কে ভদ্রভাবে উত্তর দাও। দাম [৮৫০ টাকা], delivery [দুই দিন]।

4 নিজের app, code ছাড়া

আমার ছেলের জন্য নামতা শেখার একটা game বানাও। ২ থেকে ১০ এর নামতা থেকে প্রশ্ন আসবে, ঠিক উত্তরে তারা জ্বলবে, শেষে মোট score দেখাবে।

একটা page বানাও যেখানে মাসের আয় আর খরচ লিখলে কত জমলো আর কোন খাতে বেশি গেল দেখাবে, chart সহ।

যা বানাবেন তা chat এর ভেতরেই খোলে। Publish করলে link দিয়ে অন্যকে পাঠানো যায়।

5 Schedule: আপনি ঘুমালেও কাজ চলবে

প্রতি সোমবার সকাল আটটায় web এ খুঁজে [আমার field: accounting] এর নতুন চাকরির খবরের list বানিয়ে রাখো, প্রতিটার শেষ তারিখ আর link সহ।

প্রতিদিন সকাল সাতটায় [আমার বিষয়] নিয়ে গত ২৪ ঘণ্টার বড় খবরগুলো পাঁচ লাইনে বাংলায় জানাও, সূত্রের link সহ।

কাজ schedule করা paid plan এর feature (Pro, মাসে ২০ ডলার)।

দুইটা নিয়ম

- Claude ভুলও করে। টাকা, ওষুধ আর আইনের বিষয়ে উত্তর নিজে মিলিয়ে নিন।
- NID নম্বর, password, OTP, bank এর তথ্য কোনো AI কে দেবেন না।

সূত্র

- বাংলায় Claude এর score, English score এর ৯৫.৪% থেকে ৯৯.২% (Global-MMLU): platform.claude.com/docs/en/build-with-claude/multilingual-support
- কী ধরনের file দেওয়া যায় (PDF ১,০০০ পাতা পর্যন্ত, Excel, Word, ছবি): support.claude.com/en/articles/8241126
- বানানো জিনিস link দিয়ে share: support.claude.com/en/articles/9547008
- Plan আর দাম, schedule (Pro): claude.com/pricing
- Fable 5.2, ৯ নভেম্বর ২০২৬: anthropic.com/claude-fable-and-mythos-5-2
- Claude Duet, এখন শুধু America তে: claude.com/resources/articles/claude-duet